



# জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর-১৭০৪

স্মারক নং : জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/১৮৭৫

তারিখ : ২৬ শে চৈত্র, ১৪১৯ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০১৩ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১০ সালের এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি/এম মিউজ শেষ পর্ব (আইসিটি সহ) পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ ও জমাদানের তারিখসহ নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরে জানানো হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা বিষয়ক

ওয়েব সাইটঃ [www.nuadmission.com/mf](http://www.nuadmission.com/mf)

ই-মেইলঃ [mf@nubd.info](mailto:mf@nubd.info)

### ১। আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচী / নিয়মাবলী :

ক)	আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের সময়সীমা :	১০/০৪/২০১৩ হতে ২৩/০৪/২০১৩
খ)	আবেদনকারী পরীক্ষার্থীদের On-line-এ ডাটা এন্ট্রি করার শেষ তারিখঃ	২৪/০৪/২০১৩
গ)	ব্যাংক ড্রাফট করার শেষ তারিখঃ	২৫/০৪/২০১৩
ঘ)	প্রতি শিক্ষার্থী ৫০০/- (পাঁচশত) টাকা বিলম্ব ফি জমাদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ, On-line-এ ডাটা এন্ট্রি ও ব্যাংক ড্রাফট করার সময়সীমাঃ	২৫/০৪/২০১৩ হতে ০২/০৫/২০১৩
ঙ)	প্রতি শিক্ষার্থী ১০০০/- (একহাজার) টাকা বিলম্ব ফি জমাদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ, On-line-এ ডাটা এন্ট্রি ও ব্যাংক ড্রাফট করার শেষ সময়ঃ	০৯/০৫/২০১৩
চ)	উল্লিখিত তারিখ সমূহে আবেদন ফরম পূর্ণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট বিশ্ববিদ্যালয়ে জমাদানের শেষ তারিখঃ	১৩/০৫/২০১৩
ছ)	বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে On-line-এ ডাটা এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপি বিষয়ওয়ারী আলাদাভাবে বাঁধাই করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখায় হাতে হাতে জমা দিতে হবে (বিবরণী ফরমের ফটোকপি কলেজ সংরক্ষণ করবে)। ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।	

### ২। ২০১০ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী)ঃ

ক)	এম,এ/এম,এস,এস/এম,বি,এস নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-	১,৬৫০/-
খ)	এম,এসসি নিয়মিত ও অনিয়মিত সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-	২,০০০/-
গ)	মানোন্নয়ন এবং ২০০৯ সালের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীর ক্ষেত্রে-	১,৩০০/-
ঘ)	শুধুমাত্র মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম/ থিসিস/ মনোগ্রাফ পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-	১,০০০/-
ঙ)	এম, মিউজ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-	৩,৫২০/-
চ)	লাইব্রেরী সায়েন্স বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে-	২,১৫০/-
ছ)	থিসিস ফি (প্রযোজ্য ক্ষেত্রে)-	১,০০০/-
জ)	আইসিটি ফি(প্রযোজ্য ক্ষেত্রে)-	৭০০/-
ঝ)	কেন্দ্র ফি**	৩০০/-
ঞ)	ব্যবহারিক কেন্দ্র ফি	৫০/-

\*\* কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের ৪০% পরিমাণ নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে অবশিষ্ট ৬০% নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

বিঃ দ্রঃ- (১) কলেজ কর্তৃপক্ষকে পরীক্ষার্থীর টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের সময়ই অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিগুলো বিষয় ওয়ারী আলাদা খামে সিলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখায় পরীক্ষার্থীর বিবরণীর সাথে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।  
(২) মৌখিক/ ব্যবহারিক/মাঠকর্ম/ থিসিস/ মনোগ্রাফ পত্রের নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

### ৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

- ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত ছাত্র-ছাত্রী।
- ২০১০ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে যাদের নাম নিবন্ধিত হয়েছে।
- ২০০৭-২০০৮ ও ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে নিবন্ধিত নিয়মিত এবং ২০০৮ ও ২০০৯ শিক্ষাবর্ষে নিবন্ধিত প্রাইভেট যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহণ করেনি অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০১০ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- শুধু ২০০৯ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী মৌখিক, ব্যবহারিক, টিউটোরিয়াল, মাঠকর্ম, থিসিস, মনোগ্রাফ পরীক্ষায় উত্তীর্ণ (৪০% বা বেশী নম্বর) হয়েছে কিন্তু তৃতীয় পত্রে গড়ে ৩৬% নম্বর না পাওয়ায় অকৃতকার্য হয়েছে তারা তৃতীয় যে সব পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু সে সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে। এ ক্ষেত্রে উক্ত পরীক্ষার্থীদের ২০০৯ সালে মৌখিক, ব্যবহারিক, টিউটোরিয়াল, মাঠকর্ম, থিসিস, মনোগ্রাফ এবং ৪৫% এর বেশী পাওয়া তৃতীয় পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ক্ষেত্রে ২০০৯ এবং ২০১০ সালের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মধ্যে যেটি বেশী সে নম্বর গ্রহণ করে ফলাফল প্রকাশ করা হবে। এ বিষয়ে কারো কোন প্রশ্ন থাকলে ফরম পূরণের পূর্বেই জেনে নিতে হবে।



# জাতীয় বিশ্ববিদ্যালয়

## গাজীপুর

৬) শুধু ২০০৯ সালের পরীক্ষায় তৃতীয় পত্রে উত্তীর্ণ (গড়ে ৩৬% নম্বর প্রাপ্ত) কোন পরীক্ষার্থী মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম/ থিসিস/ মনোগ্রাফ যে কোন একটি পত্রে অকৃতকার্য (৪০% এর কম নম্বর) হলে ২০১০ সালে ঐ এক পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ২০০৯ সালের তৃতীয় ও অন্যান্য পত্রে প্রাপ্ত নম্বর বহাল থাকবে। একাধিক পত্রে অকৃতকার্য পরীক্ষার্থীকে সকল পত্রের (তৃতীয়, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪। ২০১০ সালের ICT সহ এমএ/এমএসএস/এমবিএস/এমএসসি/এম মিউজ শেষ পর্ব পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

### ৫। মান উন্নয়নঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র ২০০৯ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় তৃতীয় শ্রেণী প্রাপ্ত ছাত্র/ছাত্রীগণ নিচে উল্লিখিত শর্তে ২০১০ সালের মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে-

ক) তৃতীয় শ্রেণী প্রাপ্ত একজন পরীক্ষার্থী শুধু পরবর্তী বছর তৃতীয় পরীক্ষায় সংশ্লিষ্ট বছরের জন্য প্রয়োজ্য সিলেবাসের আওতায় মাত্র একবার মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে কর্মরত কলেজ শিক্ষকদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমতি সাপেক্ষে পরীক্ষা পাশের ০৩ (তিন) বছরের মধ্যে মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে কেবলমাত্র ৪৫% এর কম নম্বর প্রাপ্ত সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) মান উন্নয়নের ক্ষেত্রে পরীক্ষার্থীদের টিউটোরিয়াল/মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস/মনোগ্রাফ পরীক্ষায় তার পূর্বে প্রাপ্ত নম্বর বহাল থাকবে।

গ) মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করে পরীক্ষার্থীর পাশের শ্রেণী উন্নীত হলে তার পূর্বে প্রাপ্ত তৃতীয় শ্রেণী ডিগ্রি প্রত্যাহার করা হবে। দ্বিতীয় বা প্রথম শ্রেণীতে উন্নীত না হলে তার পূর্বে প্রাপ্ত শ্রেণী বহাল থাকবে। এক্ষেত্রে শ্রেণী উন্নয়ন না হয়ে প্রাপ্ত নম্বরের উন্নয়ন হলে পরীক্ষার্থী আবেদন সাপেক্ষে পূর্বে গৃহীত নম্বর ও সনদপত্র জমা দিয়ে নতুন নম্বর ও সনদপত্র গ্রহণ করতে পারবে।

### ৬। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), On-line-এ ডাটা এন্ট্রি করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

### ৭। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য)ঃ

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে পরীক্ষার্থীদের আবেদন ফরম সংগ্রহ/ডাউনলোড করে পরীক্ষার্থীর অংশ পরীক্ষার্থী স্ব-হস্তে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়ভিত্তিক সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) এর সাথে যাচাই পূর্বক নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

খ) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করা যাবে এবং সে তালিকা মোতাবেক বিষয় কোড (ব্যবহারিক/টিউটোরিয়াল/মৌখিকসহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

গ) বিবরণী ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্রে ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও বিবরণীর ফটোকপি জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ কোনক্রমেই প্রবেশপত্র সংশোধন করতে পারবেন না।

ঘ) কোন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে বিষয় কোড অথবা অন্য যে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই নির্ধারিত ফি জমা দিয়ে সংশোধন করে নিতে হবে।

ঙ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি (সত্যায়িত) এর এক কপি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আঁকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র গ্রহণ করতে হবে।

### ৮। আবেদন ফরম পূরণের নিয়মাবলী (কলেজের জন্য)ঃ

ক) ২০১০ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণকারী সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা (Probable List) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রিন্ট করে সে মোতাবেক ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

খ) আবেদন ফরমের সকল তথ্য পরীক্ষার্থী সঠিকভাবে পূরণ করেছে কি-না তা যাচাই করে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন, অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, মান উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রবেশপত্রের ফটোকপিসহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা নিতে হবে। আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র ভবিষ্যতের প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক সরবরাহের লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে।

ঘ) সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকায় (Probable List) নাম নাই এমন কোন পরীক্ষার্থীর আবেদন ফরম পূরণ করা যাবে না। উল্লিখিত নিয়মে যদি এমন কোন বৈধ পরীক্ষার্থী থাকে সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রয়োজনীয় তথ্যাদিসহ যোগাযোগ করে ফরম পূরণের অনুমতি গ্রহণ করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।

### ৯। বিবরণী ফরম পূরণ/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য)ঃ

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করে নিতে হবে।

খ) ফরম পূরণকৃত বিষয়ওয়ারী নিয়মিত/অনিয়মিত/মান উন্নয়ন/প্রাইভেট পরীক্ষার্থীদের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line-এ ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

গ) On-line-এ ডাটা এন্ট্রি করার জন্য কলেজ কর্তৃপক্ষ ওয়েব সাইটের কলেজ প্রোফাইল-এ লগ-ইন করে User ID and Password সংগ্রহ করবেন।

ঘ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে ওয়েব সাইটের প্রকাশিত নির্দেশনা অনুসরণ করতে হবে এবং টেকনিক্যাল সাপোর্ট নিতে উল্লিখিত ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।



# জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর

৬) ডাটা এন্ট্রি সম্পন্ন হলে On-line-এ এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের বিবরণী ও ফি বিবরণী প্রিন্ট করতে হবে। বিষয়ওয়ারী ডাটা এন্ট্রি করার পর কলেজ কর্তৃপক্ষ উক্ত বিবরণী ফরম প্রিন্টের কপি যাচাই পূর্বক প্রিন্ট কপির নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর নিতে হবে।

৭) মাস্টার্স শেষপর্ব বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রীয়ভাবে On-line কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

## ১০। ফি জমাদানের নিয়মাবলী :

- পরীক্ষার্থীদের ফি এর সমুদয় অর্থের ব্যাংক ড্রাফট, ডাটা এন্ট্রি শেষে প্রিন্টকৃত ফি বিবরণীর ০৩ (তিন) কপি প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখায় এবং সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।
- সকল প্রকার ফি এর ব্যাংক ড্রাফট রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর অনুকূলে করতে হবে এবং সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ উক্ত ব্যাংক ড্রাফট এর বিপরীত পৃষ্ঠায় সীলসহ স্বাক্ষর করবেন।
- কেবলমাত্র সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ব্যাংক ড্রাফট করা যাবে এবং তা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে গৃহীত সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয় হতে হবে।
- পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট বিষয়ের ফি-এর ডি.ডি. এবং আইসিটি কোর্স গ্রহনকারী পরীক্ষার্থীদের আইসিটি ফি-এর ডি.ডি. আলাদা আলাদাভাবে করতে হবে। আইসিটি কোর্স গ্রহনকারী পরীক্ষার্থীদের ফি বাবদ ৭০০/- (সাতশত) হারে আলাদাভাবে ডি.ডি. এবং আলাদাভাবে তালিকা করে নির্ধারিত তারিখে জমা দিতে হবে।
- ফি-এর হিসাব On-line-এ হিসাব বিবরণী/ফি বিবরণীর সঙ্গে কোন কারণে গরমিল পরিলক্ষিত হলে সে সব বিষয়ের ফি এর হিসাব আলাদাভাবে ম্যানুয়াল ফরমে দাখিল করতে হবে।

১১। পরীক্ষার সময়সূচী এবং অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে জানা যাবে।

## ১২। বিবিধঃ

- পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।
- পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত নির্দিষ্ট বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো।
- একজন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর/অনার্স/মাস্টার্স ১ম পর্বের ফলাফল ব্যবহার করে অন্য কোন পরীক্ষার্থীকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বহন করবেন।
- যে সব পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করবে তাদের কলেজ ও বিষয়ওয়ারী তালিকা ওয়েব সাইটে প্রবেশপত্রের ইস্যুর পূর্বেই প্রকাশ করা হবে। কোন প্রকার সংশোধনী থাকলে প্রবেশপত্রের ইস্যুর পূর্বেই সংশোধন করে নিতে হবে।

(বদরুজ্জামান)  
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)  
জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর  
ফোনঃ ৯২৯১০১৭  
ফ্যাক্সঃ ৯২৯১০৪৪

স্মারক নং : জাতীগবিঃ/পনি/মাফা/৯০/২০০২/১৮৭৫

তারিখ : ২৬ শে চৈত্র, ১৪১৯ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০১৩ খ্রিস্টাব্দ

## অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রো-ভাইস-চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ২। ট্রেজারার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৩। ডীন, তাতকোত্তর শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৪। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৫। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৬। পরিচালক, কম্পিউটার এন্ড আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৭। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর  
(জাতীয় দৈনিক পত্রিকায় এবং ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ৮। প্রধান সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৯। উপ-রেজিস্ট্রার, একাডেমিক (মাস্টার্স ও প্রফেশনাল), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ১০। প্রক্টর(ভারপ্রাপ্ত), শৃংখলা ও নিরাপত্তা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ১১। অধ্যক্ষ, মাস্টার্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
- ১২। অফিস কপি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক  
মাস্টার্স শেষ পর্ব শাখা  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর  
ফোনঃ ৯২৯১০৪৭